



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৩৩.০১.০০০০.১০১.২১.৫৬(৫).১৯- ২৬৮৩

তারিখ: ০২/০২/২০২০

বিষয়: যথাসময়ে বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল, অনুসন্ধান, প্রতিস্বাক্ষর ও প্রেরণ সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, ১ম শ্রেণির কর্মকর্তাদের এসিআর লিখন, অনুশাসন ও প্রতিস্বাক্ষর সংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের এসিআর সংক্রান্ত সর্বশেষ প্রকাশিত বার্ষিক গোপনীয় অনুশাসনমালা এবং নির্দেশিত নিয়মানুযায়ী এসিআর ফরম পূরণপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন, অনুসন্ধান ও প্রতিস্বাক্ষর করতঃ অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

২। বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল, অনুসন্ধান, প্রতিস্বাক্ষরের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদত্ত এসিআর সংক্রান্ত নির্দেশনা/পরিপত্র (www.mopa.gov.bd) অনুসরণ করার জন্য বলা হলো।

৩। বার্ষিক গোপনীয় অনুবেদন কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না। পূরণ করা অনুবেদন ফরম এক দপ্তর হতে অন্য দপ্তরে প্রেরণ করার সময় অবশ্যই আবদ্ধ খামে 'গোপনীয়' কথাটি চিহ্নিত করে পত্র মারফত পাঠাতে হবে।

৪। কোন কর্মকর্তা উপরোক্ত নির্দেশনা পালনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

(ডা. দেবশীষ দাশ)

পরিচালক প্রশাসন

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

তারিখ:

স্মারক নং: ৩৩.০১.০০০০.১০১.২১.৫৬(৫).১৯

আপনার নিয়ন্ত্রাধীন সকল দপ্তর/প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করতঃ পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

১. পরিচালক, প্রশাসন/ সম্প্রসারণ/ উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি, সাভার, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ সিলেট/ রাজশাহী/ খুলনা / বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ।
৫. পরিচালক, হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৭. পরিচালক, কেন্দ্রীয় মুরগী খামার মিরপুর, ঢাকা।
৮. পরিচালক, প্রাণিসম্পদ ঔষধাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৯. পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।
১০. পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।
১১. পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১২. পরিচালক, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১৩. অধ্যক্ষ, আইএলএসটি, নেত্রকোনা/ খুলনা।
১৪. চীফ সার্বেইল্যান্স অফিসার, ভাইরোলজি/ টিক্সিকোলজি এন্ড জুরিসপ্রুভেন্স/ প্যাথলজি/ এক্টোপ্যারাসাইটোলজি/ এন্ডোপ্যারাসাইটোলজি অনুবিভাগ, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৫. পরিচালক, ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট, ময়মনসিংহ/ আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১৬. শ্রদ্ধ পরিচালক.....।
১৭. আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
১৮. অফিস কপি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।